


নং- ৩৭.০০.০০০০.০২৩.৪৪.০০৬.০৮- ৫২

তারিখঃ ১৮ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বেসরকারি কলেজের ডাইনামিক ওয়েব-সাইট তৈরি।**

কলেজসমূহে শেখা-শেখানো অধিকতর ফলপ্রসূ করা এবং সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট থাকা আবশ্যিক।

এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের সকল তথ্য ও কার্যক্রম: বর্তমান শিক্ষক-শিক্ষার্থীদের বিভাগভিত্তিক ছবিসহ ডাটাবেজ এবং বিগত শিক্ষক-শিক্ষার্থীদের বিভাগভিত্তিক ছবিসহ ডাটাবেজ (আর্কাইভ), একাডেমিক ক্যালেন্ডার, বিভাগভিত্তিক ক্লাস রুটিন (কোন শিক্ষক ছুটিতে থাকলে তার পরিবর্তে শিক্ষকের নাম অন্তর্ভুক্ত থাকতে হবে), প্রতিষ্ঠানের ইতিহাস, ভৌত অবকাঠামো, বিষয় ও পদভিত্তিক কলেজের (সৃষ্ট, পূরণকৃত ও শূণ্য) পদের তথ্য, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সকল তথ্য, বিভিন্ন পরীক্ষার ফল, ভর্তির তথ্য, বিভিন্ন ফরম, বিভিন্ন নোটিশ, শিক্ষার্থী প্যানেল, শিক্ষক প্যানেল, অভিভাবক প্যানেল, ফটো গ্যালারি, লাইব্রেরিতে বিভাগভিত্তিক বইয়ের তালিকা, অভিযোগ কর্নার ইত্যাদি অন্তর্ভুক্ত করে ডাইনামিক ওয়েব-সাইট তৈরি করে ওয়েব-সাইটের ঠিকানা ২০/০৫/২০১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মোফাখখারুল ইসলাম)  
সিনিয়র সিস্টেমস এনালিস্ট  
ফোন: ৯৫৭৭০৯৬

ই-মেইল: ssa@moedu.gov.bd

**বিতরণ:**

১। অধ্যক্ষ, সকল বেসরকারি কলেজ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।